**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 12/22/2022 **গভর্নর ক্যাথি হোকল**

# গভর্নর হোকল আসন্ন ঝড়ের কারণে স্টেটব্যাপী জরুরি অবস্থা ঘোষণা করলেন যা বৃহস্পতিবার রাত থেকে সোমবার পর্যন্ত ছুটির দিনের যাত্রাকে ব্যাহত করবে বলে আশঙ্কা করা যাচ্ছে

***শীতকালীন ঝড় নিউ ইয়র্ক স্টেটের দিকে ধাবিত হচ্ছে, ফলে আগামী কয়েকদিন ভারী বৃষ্টি ও তুষারপাত, তীব্র বাতাস, উপকূলীয় ও লেকশোর বন্যা, অতি দ্রুত জমাট বাঁধা, অত্যন্ত লঘু ঠাণ্ডা বাতাস এবং বিদ্যুৎ বিভ্রাট, সবকিছুর সম্ভাবনা রয়েছে***

***শুক্রবার সকাল 6টা থেকে শুরু করে নিউ ইয়র্ক স্টেট থ্রুওয়েতে (I-90) এক্সিট 46 (রচেস্টার, I-390) এবং পেনসিলভ্যানিয়া সীমানার মধ্যে সম্পূর্ণ বাণিজ্যিক যান চলাচল নিষিদ্ধ থাকবে, এবং ওয়েস্টার্ন নিউ ইয়র্কের ইন্টারস্টেট ও স্টেট হাইওয়েগুলিতে কিছু যান চলাচল বন্ধ থাকবে***

***নিউ ইয়র্কের ইউটিলিটিগুলি অতিরিক্ত 2,200 বাহ্যিক কর্মী প্রস্তুত রাখছে ঝড়ের সাড়াদান করার জন্য; ক্ষতিগ্রস্ত এলাকায় নিযুক্ত করার জন্য স্টেটের সম্পদ ও কর্মীরা প্রস্তুত আছে***

***গভর্নর হোকল ছুটির সময়ে যাত্রা করা নিউ ইয়র্কবাসীদের বৃহস্পতিবার রাতে যাত্রা করতে বা রবিবার পর্যন্ত অপেক্ষা করার তাগিদ দিয়েছেন, যেহেতু শুক্রবার ও শনিবার স্টেটব্যাপী রাস্তার পরিস্থিতি বিপজ্জনক থাকবে***

গভর্নর ক্যাথি হোকল আজকে আসন্ন একটি বড় শীতকালীন আবহাওয়া ব্যবস্থার জন্য জরুরি অবস্থা (State of Emergency) ঘোষণা করলেন যা বৃহস্পতিবার সন্ধ্যা থেকে শুরু করে সোমবার পর্যন্ত স্টেটজুড়ে অনেক ধরনের বিপদ নিয়ে আসবে বলে পূর্বাভাস রয়েছে। স্টেটজুড়ে বিভিন্ন অঞ্চলে পুরো ছুটির সপ্তাহান্তে ভারী বৃষ্টি ও তুষারপাত, তীব্র বাতাস, উপকূলীয় ও লেকশোর বন্যা, অতি দ্রুত জমাট বাঁধা, সবকিছুর সম্ভাবনা রয়েছে। পাশাপাশি, ইরি ও অন্টারিও লেক এলাকায় লেক ইফেক্ট তুষারপাতের আশঙ্কা রয়েছে যা শুক্রবার রাতে শুরু হবে এবং সোমবার পর্যন্ত চলবে এবং মোট তিন ফুট পর্যন্ত তুষার জমার পূর্বাভাস রয়েছে।

"এই সপ্তাহান্তে, প্রকৃতি আমাদেরকে দিকে সবকিছু দিয়ে আঘাত করতে যাচ্ছে, তাই আমি ছুটির সময়ে যাত্রা করার কথা আছে এমন নিউ ইয়র্কবাসীদেরকে নিরাপদ থাকার জন্য তা শুক্রবারের

পূর্বে বা রবিবারের পর করার জন্য উৎসাহিত করছি," **গভর্নর হোকল বলেন।** "আমাদের এজেন্সিগুলি ভালোভাবে প্রস্তুত, সমন্বিত, এবং ঝড়ের সাড়াদানে প্রয়োজনমতো সম্পদ ও সরঞ্জাম নিযুক্ত করার জন্য তৈরি আছে। আমরা চাই সকল নিউ ইয়র্কবাসী যাতে প্রিয়জনের সাথে নিরাপদে ছুটি উদযাপন করতে যেখানে যাওয়া প্রয়োজন সেখানে নিরাপদে পৌঁছাতে পারে।"

বৃহস্পতিবার থেকে শুক্রবার পর্যন্ত স্টেটের অধিকাংশ বৃষ্টি, তুষারপাত এবং তীব্র বাতাসের পূর্বাভাস রয়েছে এবং কিছু স্থানে তিন ইঞ্চি পর্যন্ত বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। শুক্রবার সকালে বৃষ্টি ও তীব্র বাতাসের কারণে মধ্যম থেকে বড় আকারের উপকূলীয় বন্যা (1-2 ফুট) হতে পারে, এবং বৃষ্টি, তুষার গলা ও তীব্র বাতাসের কারণে ইরি লেক ও অন্টারিও লেক অঞ্চলে তিন ফুটের বেশি পর্যায়ের লেকশোর বন্যা হতে পারে।

শুক্রবার সকালে শুরু হয়ে শনিবার পর্যন্ত স্টেটের অধিকাংশে ঘণ্টায় 60 মাইল পর্যন্ত বা তার বেশি তীব্র বাতাসের আশঙ্কা করা যাচ্ছে যেহেতু তাপমাত্রা দ্রুত এবং উল্লেখযোগ্যভাবে, কিছু অঞ্চলে 35 ডিগ্রির বেশি কমবে, যার ফলে দ্রুত জমাট বাঁধা, শূন্যের নিচে তাপমাত্রার ঠাণ্ডা বাতাস এবং বরফে ঢাকা রাস্তার অবস্থা সৃষ্টি হবে। এটি ওয়েস্টার্ন ইউ ইয়র্কের শুক্রবার সকালের যাতায়াত এবং বাকি পুরো স্টেটে সন্ধ্যার যাতায়াতকে প্রভাবিত করবে। শুক্রবার ও শনিবার বাতাস গাছ ও বিদ্যুতের খুঁটি উপরে ফেলার মতো শক্তিশালী হবে।

শুক্রবার রাত থেকে সোমবার পর্যন্ত, লেক ইফেক্ট তুষারপাত ইরি লেক ও অন্টারিও লেকের এলাকাসমূহকে আক্রান্ত করবে, এবং আশঙ্কা করা যাচ্ছে যে তীব্র বাতাসের কারণে তুষার উড়বে ও সরে যাবে এবং প্রায় কিছুই দেখা যাবে না এবং বিভিন্ন স্থানে তুষারঝড়ের পরিস্থিতি সৃষ্টি হবে। বাফেলো এবং ওয়াটারটাউন এলাকাগুলিতে রবিবার রাত পর্যন্ত তিন ফুট পর্যন্ত তুষারপাত হতে পারে। আপস্টেট অঞ্চলগুলিতে সোমবার পর্যন্ত স্বাভাবিকের কম, জমে যাওয়ার মতো তাপমাত্রা ও লঘু ঠাণ্ডা বাতাস থাকবে বলে আশঙ্কা করা যাচ্ছে।

গভর্নর হোকল নিউ ইয়র্কবাসীকে এই সপ্তাহে তারা যাত্রা করতে হলে সকল প্রয়োজনীয় সতর্কতা গ্রহণে, এবং উল্লেখযোগ্য আবহাওয়া প্রভাবের জন্য আগে থেকে পরিকল্পনা করার তাগিদ দিয়েছেন।

এই সপ্তাহান্তে স্টেটব্যাপী বিভিন্ন কাউন্টিতে তুষারঝড়ের সতর্কতা, উপকূলীয় বন্যার সতর্কতা, লেকশোর বন্যার সতর্কতা, তীব্র বাতাসের সতর্কতা, ঠাণ্ডা বাতাসের সতর্কতা এবং শীতকালীন ঝড়ের সতর্কতা, সবগুলি কার্যকর থাকবে। নিউ ইয়র্কে আবহাওয়া নজরদারি এবং সতর্কতার সম্পূর্ণ তালিকার জন্য, আপনার এলাকার জাতীয় আবহাওয়া পরিষেবার (National Weather Service) [ওয়েবসাইটে]() যান।

**নিউ ইয়র্ক স্টেটের হোমল্যান্ড নিরাপত্তা এবং জরুরি সেবা ডিভিশনের (State Division of Homeland Security and Emergency Services, DHSES) কমিশনার জ্যাকি ব্রে বলেন,** "এই ঝড়ের সময়কাল এগিয়ে এসেছে। আপনার যদি এই সপ্তাহান্তে যাত্রার পরিকল্পনা থাকে, তাহলে তার পরিবর্তে আজকে রাতে যাওয়ার জন্য বা রবিবার সকালের পর পর্যন্ত অপেক্ষা

করতে সম্ভাব্য সবকিছু করুন। অনুগ্রহ করে, স্টেটের অধিকাংশ যেই পরিস্থিতির সম্মুখীন হবে তা বিবেচনা করে শুক্রবার ও শনিবার যাত্রা করবেন না। বিপজ্জনক রাস্তার পাশাপাশি, তীব্র বাতাসের কারণে বিদ্যুৎ বিভ্রাট হতে পারে। সম্ভাব্য বিদ্যুৎ বিভ্রাটের জন্য প্রস্তুত থাকুন।"

## এজেন্সির প্রস্তুতি

### স্বদেশের নিরাপত্তা ও জরুরী পরিষেবা বিভাগ (Division of Homeland Security and Emergency Services)

নিউ ইয়র্ক স্টেটের স্বদেশের নিরাপত্তা ও জরুরী পরিষেবা বিভাগ (DHSES) নিবিড়ভাবে পূর্বাভাস পর্যবেক্ষণ করছে, স্টেট সংস্থাগুলোর সাড়াদান কার্যক্রমের মধ্যে সমন্বয় সাধন করছে, এবং প্রস্তুতি নিশ্চিত করার জন্য বিরূপ আবহাওয়া আঘাত হানার বিষয়টি সামনে রেখে স্থানীয় সরকারগুলোর সঙ্গে যোগাযোগ রক্ষা করছে। ঝড়ের প্রতি সাড়াদান কার্যক্রম এবং ভ্রমণের অবস্থা তদারকি করার জন্য বৃহস্পতিবার বিকেলে স্টেটের ইমার্জেন্সি অপারেশন্স সেন্টার সক্রিয় করা হবে।

অফিস অব ইমার্জেন্সি ম্যানেজমেন্ট (Office of Emergency Management) চেইন স ও জেনারেটর স্থাপন করার জন্য এবং লেকের তীরে দেখা দেওয়া সম্ভাব্য বন্যার বিরুদ্ধে সুরক্ষা দেওয়ার জন্য বাফেলোতে যুক্তরাষ্ট্রের কোস্ট গার্ড সদস্যদের কাছে বালুভর্তি ব্যাগ পৌঁছে দিচ্ছে। পারস্পরিক সহায়তার অনুরোধে সাড়া দেওয়ার জন্য অগ্নি প্রতিরোধ ও নিয়ন্ত্রণ অধিদপ্তরে (Office of Fire Prevention and Control) সরঞ্জাম ও কর্মীরা প্রস্তুত রয়েছে।

স্টেটজুড়ে দশটি মজুদের মধ্যে ঝড়-সংক্রান্ত প্রয়োজন পূরণে সহায়তা করার জন্য DHSES-এর নিম্নলিখিত মোতায়েনযোগ্য জিনিসগুলো রয়েছে:

- 1,487টি জেনারেটর
- 985টি পাম্প
- 528টি চেইন-স
- 250টি লাইট টাওয়ার
- খাট, বালিশ, কম্বল, পানি, ও MRE

### জনসেবার বিভাগ (Department of Public Service)

এই সপ্তাহে স্টেটব্যাপী শীতকালীন আবহাওয়ার ইভেন্টের প্রস্তুতির জন্য, ক্ষতি মূল্যায়ন, তার পাহারা দেওয়া, সাড়া প্রদান, মেরামত, ও সংস্কার কার্যক্রম পরিচালনার জন্য নিউ ইয়র্কের ইউটিলিটি এজেন্সিগুলোতে স্টেটজুড়ে আনুমানিক 7,700 জন কর্মী থাকবে।

- এর মধ্যে আছে জাতীয় গ্রিডের (National Grid) নিশ্চিত করা অতিরিক্ত 800 জন বাহ্যিক লাইন ও গাছের কর্মী,
- নিউ ইয়র্ক স্টেট ইলেকট্রিক ও গ্যাস (New York State Electric & Gas, NYSEG) এবং রচেস্টার গ্যাস ও ইলেকট্রিক কর্পোরেশনের (Rochester Gas and Electric Corporation, RG&E) নিশ্চিত করা 330 জন বাহ্যিক লাইন ও গাছের কর্মী,
- সেন্ট্রাল হাডসনের নিশ্চিত করা 95 জন বাহ্যিক লাইন ও গাছের কর্মী,
- অরেঞ্জ এবং রকল্যান্ডের নিশ্চিত করা 150 জন বাহ্যিক লাইন ও গাছের কর্মী,
- কন এডিসনের নিশ্চিত করা 800 জন বাহ্যিক লাইন ও গাছের কর্মী।
- DPS-এর কর্মীরা পুরো সময়জুড়ে ইউটিলিটির সাড়াদান, মেরামত ও পুনর্বহাল কার্যক্রমের ট্র্যাক রাখবে এবং সবচেয়ে বেশি প্রভাবিত হওয়া এলাকাগুলোতে ইউটিলিটি এজেন্সিগুলোর যথাযথ সংস্থান নিয়োজিতকরণের বিষয়টি নিশ্চিত করবে।

**পরিবহন বিভাগ (Department of Transportation)**

স্টেটের পরিবহন বিভাগ (Department of Transportation) আবহাওয়ার অবস্থা পর্যবেক্ষণ করছে এবং 3,450 জন সুপারভাইজার ও অপারেটর নিয়ে সাড়াদানের জন্য প্রস্তুত রয়েছে৷ পাশাপাশি, এই ঘটনার সাড়াদানের জন্য 75 জন ঘটনা কমান্ড ব্যবস্থা (Incident Command System, ICS) কর্মী উপলভ্য থাকবে। এই অবস্থা চলাকালীন সময়ে 24/7 কার্যপরিচালনা করার জন্য প্রভাবিত হওয়া সব আবাসিক এলাকাতে কর্মী নিয়োগ করা হবে। কর্মীদের প্রয়োজনমতো যেকোনও ধরনের সাড়াদান দল হিসেবে সজ্জিত করা যেতে পারে, যার মধ্যে আছে তুষার ও বরফ অপারেশন, ড্রেনেজ, চিপার, ভার তোলা ও বহন, এবং কাটা ও ছুড়ে ফেলা। সকল উপলভ্য সরঞ্জাম মোতায়েনের জন্য প্রস্তুত রয়েছে। তুষার ও বরফ সরানোর সব লভ্য সরঞ্জাম মোতায়েনের জন্য প্রস্তুত রয়েছে।

স্টেটের পরিবহন বিভাগ শুক্রবার সকাল 6টা থেকে অবস্থার উন্নতি হওয়ার আগে পর্যন্ত ইরি কাউন্টির নিম্নোক্ত রাস্তাগুলি বন্ধ করার প্রস্তুতি নিচ্ছে:

- স্টেট রুট 400
- স্টেট রুট 219
- I-290
- I-190
- স্টেট রুট 5 (বিগ ট্রাই রোড থেকে I-190)

শুক্রবার দুপুর থেকে শুরু করে ইন্টারস্টেট 81 তে এক্সিট 32 (সেন্ট্রাল স্কয়ার) থেকে এক্সিট 51 (অ্যালেক্স বে) পর্যন্ত "ট্রাক ব্যবহারের ডানের লেন" এ ট্রাক চলাচল সীমাবদ্ধ করা হবে।

আঞ্চলিক কর্মীরা বর্তমানে সকল বিপজ্জনক পরিস্থিতির প্রস্তুতির কাজ করছে। ড্রেনেজ কাঠামোগুলি পরীক্ষা করা হচ্ছে ও রাবিশ পরিষ্কার করা হচ্ছে।সঙ্কটময় এলাকায় সাড়াদান কর্মকাণ্ডে সমর্থন করার জন্য, ওয়েস্টার্ন নিউ ইয়র্কে মোট 65 জন কর্মী, যার মধ্যে আছে 59 জন

প্লাও ট্রাক অপারেটর, 4 জন সুপারভাইজার, 1 জন সহকারী ব্যবস্থাপক, 1 জন ICS সমর্থন বিশেষজ্ঞ, 10টি প্লাও ট্রাক, 2টি স্নোব্লোয়ার, এবং 1টি গ্রেডার নিযুক্ত করা হচ্ছে। তাদেরকে নিম্নোক্ত উপায়ে বন্টন করা হয়েছে:

- সেন্ট্রাল নিউ ইয়র্ক থেকে 3টি প্লাও ট্রাক
- ফিঙ্গার লেকস থেকে 3টি প্লাও ট্রাক, 2টি স্নোব্লোয়ার, এবং 1টি গ্রেডার
- ওয়েস্টার্ন সাউদার্ন টিয়ার থেকে 4 জন অপারেটর এবং 2টি প্লাও ট্রাক
- মিড হাডসন অঞ্চল থেকে 26 জন অপারেটর, 2 জন সুপারভাইজার এবং 1 জন সহকারী ব্যবস্থাপক
- সাউদার্ন টিয়ার থেকে 10 জন অপারেটর, 1 জন সুপারভাইজার, 3টি প্লাও ট্রাক
- লং আইল্যান্ড থেকে 19 জন অপারেটর, 1 জন সুপারভাইজার
- ক্যাপিটাল জেলা থেকে 1 জন ICS বিশেষজ্ঞ

পুরো সময়জুড়ে আবহাওয়ার অবস্থা বিবেচনায় নিয়ে বাড়তি সংস্থান (অপারেটর, ট্রাক, মেকানিক, EOI) বরাদ্দের প্রয়োজন পুনর্মূল্যায়ন করা হবে।অন্ধকার সঙ্কেতের সাড়াদান সমর্থন করতে জেনারেটরের মজুদ ব্যবহারের জন্য প্রস্তুত করা হচ্ছে। ক্ষতিগ্রস্ত এলাকার সকল ফ্লিট মেকানিককে প্রধান আবাসনগুলোতে মেরামত ও ট্রাক চলাচল স্বাভাবিক রাখতে 24/7 প্রস্তুত রাখা হয়েছে। স্টেট জুড়ে থাকা ইকুইপমেন্টের সংখ্যা নিম্নরূপ:

- 1740টি বড় ও মিডিয়াম ডিউটি প্লাও ট্রাক
- 52টি টো প্লাউ
- 37টি স্নো ব্লোয়ার
- 338টি লোডার
- 13টি ট্রি ক্রু বাকেট ট্রাক
- 78টি চিপার
- 32টি ট্র্যাফিক সিগন্যাল ট্রাক
- 20টি গ্রেডার
- 73টি এক্সকাভেটর

ভ্রমণ সংক্রান্ত হালনাগাদ তথ্যের জন্য 511 এ ফোন করুন, 511NY.org ওয়েবসাইট দেখুন, অথবা বিনামূল্যের 511NY মোবাইল অ্যাপ ডাউনলোড করুন।

## থ্রুওয়ে কর্তৃপক্ষ

থ্রুওয়ে কর্তৃপক্ষ (Thruway Authority) কর্মীরা সারাদিন রাত প্রস্তুত আছে এবং স্টেটব্যাপী 678 জন অপারেটর ও সুপারভাইজার নিয়ে ঝড়ের সাড়াদানে প্রস্তুত আছে। থ্রুওয়ে ওয়েস্টার্ন নিউ ইয়র্কের সম্ভাব্য সবথেকে ক্ষতিগ্রস্ত স্থানগুলিতে তুষার ও বরফ অপারেশন সমর্থন করার জন্য

নিউ ইয়র্ক এবং অ্যালবানি ডিভিশন থেকে অতিরিক্ত কর্মী ও সরঞ্জাম স্থানান্তর ও নিযুক্ত করেছে। নিযুক্ত সংস্থানগুলির মধ্যে রয়েছে অপারেটর ও সুপারভাইজার, এবং বড় প্লাও ট্রাক।

শুক্রবার সকাল 6টা থেকে, নিউ ইয়র্ক স্টেটের থ্রুওয়েতে (I-90) এক্সিট 46 (রচেস্টার I-390) থেকে পেনসিলভ্যানিয়া সীমানা পর্যন্ত, এবং নায়াগ্রা থ্রুওয়েতে I-90 থেকে এক্সিট 22 পর্যন্ত (রুট 62) সকল **বাণিজ্যিক যানবাহন** চলাচল নিষিদ্ধ হবে।

থ্রুওয়েতে স্টেটব্যাপী সরঞ্জাম সংখ্যা ও রিসোর্সের তালিকা নিচে দেওয়া হলো:

- 352টি বৃহৎ ও মিডিয়াম ডিউটি প্লাউ ট্রাক
- 10টিটো প্লাউ
- 66টি লোডার
- 119,000 টনের বেশি লবণ প্রস্তুত

থ্রুওয়েতে মোটরচালকদেরকে শীতকালীন আবহাওয়ার অবস্থা সম্পর্কে সতর্ক করতে বিভিন্ন ধরনের মেসেজ সাইন ও সোশ্যাল মিডিয়া ব্যবহার করা হয়।

থ্রুওয়ে কর্তৃপক্ষ তাদের মোবাইল অ্যাপ ডাউনলোড করতে গাড়িচালকদেরকে উৎসাহিত করে যা আইফোন ও অ্যান্ড্রয়েড ডিভাইসের জন্য বিনামূল্যে পাওয়া যায়। অ্যাপটি চলার পথে মোটরযান চালকদের রিয়েল-টাইম ট্রাফিক সম্পর্কে তথ্য, লাইভ ট্রাফিক ক্যামেরা, ও দিক-নির্দেশনা সংক্রান্ত সহায়তা প্রদান করে। এছাড়াও গাড়ি চালকরা ট্রান্সঅ্যালার্ট (TRANSalert) ই-মেইলের জন্য সাইন-আপ করতে পারেন যা থ্রুওয়ে সংলগ্ন যানবাহনের সর্বশেষ অবস্থা সম্পর্কে তথ্য প্রদান করে৷

## নিউ ইয়র্ক স্টেট পুলিশ

স্টেট পুলিশ অবস্থা তদারক করবে এবং ঝড়ের ফলে উল্লেখযোগ্যভাবে প্রভাবিত হওয়া এলাকাগুলিতে বাড়তি টহলের ব্যবস্থা করবে। সব ফোর-হুইল ড্রাইভ ও বিশেষায়িত যানবাহন, যেমন ইউটিলিটি টাস্ক ভেহিকেল ও স্নোমোবাইল সেবায় নিয়োজিত রয়েছে।

## পরিবেশ সংরক্ষণ বিভাগ (Department of Environmental Conservation)

DEC পরিবেশ সংরক্ষণ পুলিশ অফিসার, ফরেস্ট রেঞ্জার্স, জরুরি ব্যবস্থাপনা কর্মী এবং আঞ্চলিক কর্মীরা সতর্ক রয়েছেন এবং পরিস্থিতি পর্যবেক্ষণ করছেন এবং গুরুতর আবহাওয়া দ্বারা প্রভাবিত হওয়া এলাকা ও অবকাঠামোগুলোতে সক্রিয়ভাবে টহল দিচ্ছেন। DEC সংস্থা অংশীদারদের সঙ্গে সম্পদ মোতায়েন কার্যক্রম সমন্বয় করছে এবং যেকোনো জরুরি সাড়াদানের ক্ষেত্রে সহায়তা করার জন্য লভ্য সব সম্পদ যথাস্থানে নিয়োজিত রয়েছে।

DEC ব্যাককান্ট্রি ব্যবহারকারীদেরকে শীতকালীন অবস্থা সম্পর্কে সচেতন থাকার জন্য এবং প্রস্তুতি নেওয়ার জন্য পরামর্শ দিচ্ছে। আপনার শারীরিক সক্ষমতা বা গন্তব্য নির্বিশেষে শীতকালীন হাইকিং ও স্কিয়িং এর জন্য নিরাপত্তা ও প্রস্তুতি অত্যন্ত গুরুত্বপূর্ণ। আরো বেশি উপভোগ্য এবং অধিকতর নিরাপদ অভিজ্ঞতার জন্য শীতকালীন অবস্থার জন্য যথাযথভাবে প্রস্তুতি নেওয়া অত্যন্ত গুরুত্বপূর্ণ। ভারী তুষারপাত চলাকালীন সময়ে এবং এর পরে তাৎক্ষণিকভাবে উন্মুক্ত, খোলামেলা এলাকা যেমন অনাবৃত পর্বতের চূড়ায় গমন করবেন না এবং উন্মুক্ত ঢালের উপরে বা কাছাকাছি ভ্রমণ করার সময় অনেক বেশি সতর্ক থাকুন। আরো তথ্য এখানে পাবেন৷

DEC বৃহৎ পরিমাণে তুষার অপসারণ ও পরিত্যাগের জন্য দায়িত্বপ্রাপ্ত ব্যক্তিদের মনে করিয়ে দিচ্ছে যে তারা বন্যা প্রতিরোধ করতে এবং পানির মানকে লবণ, বালি, তেল, আবর্জনা এবং বরফের অন্যান্য অবশিষ্টাংশের মতো দূষণকারী পদার্থ দ্বারা প্রভাবিত হওয়ার সম্ভাবনা হ্রাস করতে সাহায্য করার জন্য সর্বোত্তম ব্যবস্থাপনার অনুশীলনগুলি যাতে মেনে চলেন। স্থানীয় খাঁড়ি এবং ঝর্ণাতে তুষার ফেললে এর ফলে বরফের বাঁধ সৃষ্টি হতে পারে যা কাছের এলাকায় বন্যার কারণ হতে পারে। সরকারি ও বেসরকারি তুষার অপসারণ অপারেটরদেরকে ঝড় চলাকালীন এবং এর পরে এইসব নিরাপত্তা বিষয়ে সচেতন হতে হবে। আরো তথ্য এখানে পাবেন৷

## পার্ক, বিনোদন ও ঐতিহাসিক সংরক্ষণ দপ্তর (Office of Parks, Recreation and Historic Preservation)

নিউ ইয়র্ক স্টেট পার্ক পুলিশ এবং পার্কের পার্সোনেলরা সতর্ক আছে এবং আবহাওয়া পরিস্থিতি এবং তার পরিণামের উপর কড়া নজর রাখছেন। করাত কর্মীরা জরুরি সাড়াদানে সহায়তার জন্য প্রস্তুত আছে পার্কে গমনকারীদের parks.ny.gov ওয়েবসাইট চেক করা উচিত অথবা পার্কের সময়, খোলা ও বন্ধের ব্যাপারে সর্বশেষ তথ্যের জন্য তাদের স্থানীয় পার্ক অফিসে কল করা উচিত।

## নিউ ইয়র্ক পাওয়ার অথরিটি (New York Power Authority, NYPA) / ক্যানাল কর্পোরেশন (Canal Corporation)

নিউ ইয়র্ক পাওয়ার অথোরিটি (New York Power Authority) এবং ক্যানেল কর্পোরেশন (Canal Corporation)-এর কর্মীরা সকল ফ্যাসিলিটি, সম্পদ ও সরঞ্জাম নিরাপদ ও প্রস্তুত রয়েছে বলে নিশ্চিত করতে প্রস্তুতি সম্পন্ন করছেন। প্রয়োজনে বিদ্যুৎ পুনরুদ্ধার কার্যক্রমকে সহায়তা করার জন্য বিদ্যুৎ কর্তৃপক্ষ প্রস্তুত।

## নিউ ইয়র্ক ও নিউ জার্সি বন্দর কর্তৃপক্ষ

পোর্ট অথরিটিও আবহাওয়া পরিস্থিতির উপর নজর রাখছে। ব্রিজ, সর্বোপরি রোডওয়ে বরাবর এবং ক্রসিংগুলিতে গতির উর্ধ্বসীমা বেঁধে দেওয়া হতে পারে। বিলম্ব এবং বাতিলকরণের ব্যাপারে সর্বশেষ তথ্যের জন্য ক্যারিয়ার এবং এয়ারলাইনের সাথে সরাসরি যোগাযোগ করতে পোর্ট অথরিটির ফেসিলিটি থেকে যাত্রীদের উৎসাহ দেওয়া হচ্ছে। পোর্ট অথরিটির ফ্যাসিলিটিগুলো

সম্পর্কে সর্বশেষ তথ্যের জন্য, অনুগ্রহ করে সোশ্যাল মিডিয়া চেক করুন, PA অ্যালার্টের জন্য সাইন-আপ করুন অথবা PA মোবাইল অ্যাপগুলির মধ্যে একটি ডাউনলোড করুন, যেমন RidePATH যেটি পাথ (PATH) সার্ভিসের জন্য রিয়েল-টাইম আপডেট ও অ্যালার্ট প্রদান করে।

## মেট্রোপলিটন ট্রান্সপোর্টেশন অথরিটি

মেট্রোপলিটান ট্রান্সপোর্টেশন অথোরিটি (Metropolitan Transportation Authority, MTA) নিরাপদ, নির্ভরযোগ্য সেবা নিশ্চিত করতে নিবিড়ভাবে আবহাওয়ার অবস্থা পর্যবেক্ষণ করছে। MTA কর্মীদের যেকোনও আবহাওয়া সম্পর্কিত সমস্যায় সাড়াদান বা ট্র্যাকের উপর ভেঙ্গে পড়া যেকোনও গাছ সরাতে প্রস্তুত থাকবে।

MTA ব্রিজ ও টানেল বৃহস্পতিবার রাত 8:00টা থেকে শুরু করে শুক্রবার রাত 8:00টা পর্যন্ত খালি ট্রাক্টর-ট্রেইলার এবং ট্যান্ডেম ট্রাক নিষিদ্ধ করবে। এই সময়কালে ক্রস বে ব্রিজ এবং ম্যারিন পার্কওয়ে ব্রিজের পথচারীদের ওয়াকওয়ে বন্ধ থাকবে; আবহাওয়া পরিস্থিতির উপর ভিত্তি করে RFK ব্রিজ এবং হেনরি হাডসন ব্রিজও বন্ধ থাকতে পারে।

গ্রাহকদেরকে পরিষেবার সর্বশেষ আপডেট জানতে new.mta.info চেক করার জন্য, এবং সিস্টেম ব্যবহারের সময়ে সতর্কতা অবলম্বনের জন্য উৎসাহিত করা হচ্ছে। গ্রাহকদের টেক্সট বা ইমেইলের মাধ্যম রিয়েল টাইম সার্ভিস অ্যালার্টের জন্য সাইন আপ করা উচিৎ। MTA-এর অ্যাপগুলির মাধ্যমেও এই সতর্কতা পাওয়া যায়: MYmta এবং TrainTime।

## নিরাপত্তা সংক্রান্ত পরামর্শ

### শীতকালীন ভ্রমণ সংক্রান্ত নিরাপত্তা

শীতকালীন সময়ে মৃত্যু ও আঘাতপ্রাপ্তির শীর্ষ কারণ হলো পরিবহনজনিত দুর্ঘটনা। গাড়িতে চলাচল করার আগে এসব সতর্কতামূলক পরামর্শ পর্যালোচনা করুন:

- শীতকালীন ঝড়ের সময়ে প্রয়োজন না হলে গাড়ি চালাবেন না।
- আপনার যানবাহন বরফ ও তুষার থেকে মুক্ত আছে তা নিশ্চিত করে নিন; ভালোভাবে দৃষ্টিগোচর হওয়াটা ভালোভাবে গাড়ি চালানোর মূল চাবিকাঠি।
- সবসময় সড়ক ও আবহাওয়ার অবস্থার সঙ্গে আপনার গতির মিল রাখুন। আপনার থামার স্থানগুলো সম্পর্কে পরিকল্পনা করে রাখুন এবং গাড়িগুলোর মধ্যে আরো বেশি দূরত্ব রাখুন।
- অতিরিক্ত সতর্ক থাকুন এবং মনে রাখবেন যে তুষারকণা ছোট শিশুদেরকে আড়াল করে দিতে পারে।
- আপনার গাড়িতে টিকে থাকার সরঞ্জাম যেমন কম্বল, একটি বেলচা, ফ্ল্যাশলাইট ও বাড়তি ব্যাটারি, বাড়তি গরম পোশাক, টায়ার চেইনের সেট, ব্যাটারি বুস্টার ক্যাবল, দ্রুত শক্তিদায়ক খাবার এবং বিপদ সংকেত দেয়ার জন্য ব্যবহারের উদ্দেশ্যে উজ্জ্বল রঙের কাপড়ের টুকরা রয়েছে তা নিশ্চিত করুন।

- যদি আপনার ব্যবহারের জন্য অন্যান্য যোগাযোগের ডিভাইস যেমন সেল ফোন অথবা টু-ওয়ে রেডিও থাকে, তাহলে ব্যাটারিতে চার্জ দিয়ে রাখুন এবং ভ্রমণের সময় সেটি আপনার সঙ্গে রাখুন।

## ঠাণ্ডা আবহাওয়ায় নিরাপত্তা

- শৈত্যপ্রবাহ থেকে সাবধান থাকুন - তাপমাত্রা কমে যাওয়ার সাথে সাথে বায়ুপ্রবাহের ফলে মানব দেহের তাপ হারানো বৃদ্ধি পায়।
- উপযুক্ত পোশাক পরুন এবং দীর্ঘ সময় ধরে ঠাণ্ডায় অবস্থান করা থেকে বিরত থাকুন।
- কয়েক স্তরের পোশাক পরার পাশাপাশি উপযুক্ত ক্ষেত্রে টুপি ও মোজা পরিধান করুন। দেহের কোনো অংশ অপ্রয়োজনে ঠাণ্ডার সংস্পর্শে আনা থেকে বিরত থাকুন।
- পর্যাপ্ত পরিমাণে গরম তরল বা গরম পানি পান করুন কিন্তু ক্যাফেইন ও অ্যালকোহল এড়িয়ে চলুন। দেহের তাপমাত্রা ধরে রাখার জন্য সক্রিয় থাকুন।
- ঠাণ্ডা থেকে ঘন ঘন বিরতি নিন।
- যদি হাইপোথার্মিয়া বা ফ্রস্টবাইটের লক্ষণ দেখা দেয়, ঠাণ্ডা থেকে সরিয়ে আনুন, আক্রান্ত ব্যক্তিকে ধীরে ধীরে উষ্ণ করুন এবং মেডিকেল সহায়তা নিন:
  -ফ্রস্টবাইট: লক্ষণসমূহের মধ্যে রয়েছে অনুভূতি হারিয়ে ফেলা, হাতের আঙুল, পায়ের আঙুল, কান, ও নাক সাদা বা ফ্যাকাসে দেখানো।
  -হাইপোথারমিয়া: লক্ষণসমূহের মধ্যে রয়েছে অনিয়ন্ত্রিত কাঁপুনি, কথা ধীর হয়ে যাওয়া, স্মৃতিশক্তিতে বিভ্রাট, ঘন ঘন হুমড়ি খাওয়া, এবং ঝিমুনি।

## ভারী কাজকর্ম

ভারী কাজকর্ম, যেমন বরফ সরানো, ধ্বংসাবশেষ পরিষ্কার করা অথবা গাড়ি ঠেলা, ইত্যাদি হার্ট অ্যাটাকের ঝুঁকি বাড়িয়ে দেয়। ঝড়ের পরে নিরাপদ থাকার জন্য এসব পরামর্শ মেনে চলুন:

- উষ্ণ থাকুন, গরম পোশাক পরুন এবং ঘরের বাইরে কাজ করার সময় ধীর গতিতে কাজ করুন।
- অতিরিক্ত পরিশ্রম এড়াতে ঘন ঘন বিশ্রাম নিন
- যদি আপনি বুকে ব্যথা, শ্বাসকষ্ট, বা আপনার চোয়াল থেকে আপনার বাহুর দিকে চলে যাওয়া ব্যথা, ইত্যাদি অনুভব করেন -- তাহলে থামুন এবং তাৎক্ষণিকভাবে সাহায্য চান।

## বিদ্যুৎ বিভ্রাট

শীতকালীন ঝড়ের কারণে বিদ্যুৎ বিভ্রাট দেখা দিতে পারে। বিদ্যুৎ চলে যাওয়ার আগেই এসব নিরাপত্তা সংক্রান্ত পরামর্শ পর্যালোচনা করে নিন যাতে কোনো জরুরি পরিস্থিতিতে আপনার কী করণীয় তা জেনে রাখতে পারেন।

- বিভ্রাট দেখা দিলে সে সম্পর্কে তাদেরকে অবহিত করার জন্য আপনার ইউটিলিটি সরবরাহকারীদের কাছে ফোন করুন।

- ছিড়ে পড়ে যাওয়া বিদ্যুতের তার এড়িয়ে চলুন এবং আপনার ইউটিলিটি সরবরাহকারীর কাছে সেগুলো মেরামতের জন্য রিপোর্ট করুন; ছিড়ে যাওয়া সব তারে সচল বিদ্যুৎ রয়েছে বলে ধরে নিন।
- জরুরী আলোর জন্য শুধুমাত্র ফ্ল্যাশলাইট ব্যবহার করুন - মোমবাতিগুলি আগুন লাগার ঝুঁকি তৈরি করে।
- খাবার নষ্ট হয়ে যাওয়া রোধ করতে আপনার রেফ্রিজারেটর ও ফ্রিজারের দরজা বন্ধ রাখুন। কোনো সন্দেহ থাকলে, এটি ফেলে দিন!
- বাড়ির ভিতরে কাঠকয়লার গ্রিল বা জেনারেটর ব্যবহার করবেন না এবং তাপের জন্য গ্যাসের চুলা ব্যবহার করবেন না - সেগুলি কার্বন মনোক্সাইডের ক্ষতিকারক মাত্রা ছাড়তে পারে।
- বিদ্যুৎ ফিরে আসলে বিদ্যুতের সম্ভাব্য চাপের কারণে ক্ষয়ক্ষতি হওয়া রোধ করতে বড় ধরনের অ্যাপ্লায়েন্সগুলো বন্ধ করে রাখুন এবং একটি লাইট অন করে রাখুন যাতে কখন বিদ্যুৎ ফিরে আসে তা আপনি জানতে পারেন।

**বাড়ির হিটিং**

হিটিং ইক্যুইপমেন্টগুলো বাড়িতে আগুন লেগে মৃত্যু ঘটার অন্যতম শীর্ষ কারণ। এসব গুরুত্বপূর্ণ পদক্ষেপগুলো মেনে চলার মাধ্যমে প্রিয়জনদের নিরাপদ রাখুন:

- সব দাহ্য পদার্থ হিটিং ইক্যুইপমেন্ট থেকে কমপক্ষে তিন ফুট দূরে রাখুন।
- সবসময় স্পেস হিটার সহ অন্যান্য অ্যাপ্লায়েন্স সরাসরি একটি রিসেপ্ট্যাকলে প্লাগ-ইন করবেন। কখনো অ্যাপ্লায়েন্সগুলো পাওয়ার স্ট্রিপ বা এক্সটেনশন কর্ডে প্লাগ-ইন করবেন না।
- প্রতিটি বেডরুমে, বাইরে ঘুমানোর জায়গাগুলোতে এবং আপনার বাড়ির প্রত্যেক তলায় সচল স্মোক অ্যালার্ম রয়েছে তা নিশ্চিত করুন।

ঝড়ের আগে, ঝড় চলাকালীন সময়ে অথবা ঝড়ের পরে অ-জরুরি পরিষেবার প্রয়োজনগুলো পূরণ করতে 211 নম্বরে ফোন করুন অথবা ভিজিট করুন 211nys.orgঠিকানায়।

নিরাপত্তা সংক্রান্ত আরো পরামর্শের জন্য নিউ ইয়র্ক স্টেটের ডিভিশন অব হোমল্যান্ড সিকিউরিটি অ্যান্ড ইমার্জেন্সি সার্ভিসেস এর নিরাপত্তা পরামর্শ সংক্রান্ত ওয়েবপেইজ www.dhses.ny.gov/safety দেখুন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে: www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418